

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উচ্চ কর্মচারী শাখা।
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০-২৩ (২০০),

তারিখ : ২৫ মাঘ ১৪৩০
১২ ফেব্রুয়ারি ২০২৪

পরিপত্র

বিষয় : সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার রাজস্বখাতের শূন্য পদ জরুরিভিত্তিতে পূরণ।

প্রাতিষ্ঠানিক সমক্ষতা বৃদ্ধি ও দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার রাজস্বখাতের শূন্য পদ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জরুরিভিত্তিতে পূরণের জন্য অনুরোধ করা হলো :

ক. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ নভেম্বর ২০১০খ্রি. তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬ (২৫০) নম্বর পরিপত্র মোতাবেক রাজস্বখাতের সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদের ৯০% পদ পূরণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং অবশিষ্ট ১০% সংরক্ষিত শূন্য পদ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮মে ২০১৫খ্রি. তারিখের ০৫.০০.০০০০. ১৬৬. ১১. ০২৯.১১ (অংশ)-১১৪ (১৫০) নম্বর পরিপত্র মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে;

খ. নিজস্ব অনুমোদিত নিয়োগ বিধিমালা/প্রবিধানমালা, এনাম কমিটি কর্তৃক তৈরিকৃত অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশ, শূন্য পদ পূরণ সংক্রান্ত সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং সকল আনুষ্ঠানিকতা যথাযথ অনুসরণ/প্রতিপালনপূর্বক শূন্য পদ পূরণ করতে হবে; এবং

গ. শূন্য পদ পূরণের তথ্য ১৫ (পনের)দিনের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০২। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো।

(মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী)
সিনিয়র সচিব

বিতরণ :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
(অধীনস্থ দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর/সংস্থাকে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ হতে ছাড়পত্র গ্রহণপূর্বক রাজস্বখাতের সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদ জরুরিভিত্তিতে পূরণের বিষয়টি অবহিত করতে হবে)।
৪. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার,..... (সকল)।
৫. জেলা প্রশাসক, (সকল)।
৭. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরিপত্রটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।